

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 05 May, 2025

চিকিৎসার জন্য লন্ডনে যাওয়ার চার মাস পর দেশে ফিরছেন বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। রোববার (৫ মে) লন্ডন থেকে কাতারের আমিরের দেওয়া বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সে ঢাকার উদ্দেশ্যে রওনা দেন তিনি। ঢাকায় বিএনপি সূত্র জানিয়েছে, আগামীকাল (৬ মে) সকাল সাড়ে ১০টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবেন বেগম জিয়া। বিমানবন্দর থেকে তিনি সরাসরি গুলশানের বাসভবন 'ফিরোজা'য় যাবেন।

লন্ডনে মাকে **ব্যক্তিগতভাবে** বিদায় জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এ সময় বেগম জিয়ার সঙ্গে তার দুই পুত্রবধূ—জোবাইদা রহমান ও সৈয়দা শর্মিলা রহমানও ঢাকায় ফিরছেন।

প্রসঙ্গত, খালেদা জিয়া গত ৮ জানুয়ারি উন্নত চিকিৎসার জন্য কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির রাজকীয় বহরের একটি এয়ার অ্যাম্বুলেন্সে করে লন্ডন যান। লন্ডনে চিকিৎসা শেষে এবার সেই একই বিমানে দেশে ফিরছেন তিনি।

চিকিৎসা বিএনপি সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া